গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

**[কাস্টমস: অটোমেশন শাখা]**

নথি নং- ০৮.০১.০০০০.০৬৬.৩১.০০৯.২০/৫০৩ তারিখ: ২০.১১.২০২২ খ্রি.

**বিষয়: কাস্টমস স্টেশনসমূহে কম্পিউটার, ইন্টারনেট নেটওয়ার্ক ইত্যাদির যথাযথ পরিচালনা, তথ্য উপাত্ত সংরক্ষণ এবং সামগ্রিক নিরাপত্তা নিশ্চিতকরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সময়ে সময়ে জাতীয় রাজস্ব বোর্ড থেকে বিভিন্ন কাস্টমস স্টেশনসমূহের ব্যবহৃত কম্পিউটার, নেটওয়ার্ক, আইসিটি সার্ভিস ও কম্পিউটার সামগ্রীসমূহের দৈনন্দিন তত্ত্বাবধান, সংরক্ষণ এবং তথ্য-উপাত্তের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে নানাবিধ নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেশনাসমূহ সঠিকভাবে প্রতিপালন করা না হলে নানাবিধ অনিয়ম এবং অব্যবস্থাপনার ঝুঁকি থেকে যায়। কাস্টমস স্টেশনসমূহের সকল আইসিটি সিস্টেম যথাযথভাবে পরিচালনা, রক্ষণাবেক্ষণ এবং সামগ্রিক নিরাপত্তা নিশ্চিতকল্পে কাস্টমস স্টেশনসমূহে কর্মরত সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীগণের প্রতিপালনের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

**ক) অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের ইউজার আইডি সংক্রান্ত:**

- অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের পাসওয়ার্ড-এর রক্ষণাবেক্ষণের দায়িত্ব সংশ্লিষ্ট ইউজারের। ইউজার আইডি এবং পাসওয়ার্ড ব্যবহারের ক্ষেত্রে কঠোর গোপনীয়তা ও সতর্কতা অবলম্বন করতে হবে। পাসওয়ার্ড অপব্যবহারের দায়-দায়িত্ব সংশ্লিষ্ট কর্মকর্তাকে বহন করতে হবে;
- কোন অবস্থাতেই অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের পাসওয়ার্ড এবং ওটিপি অন্য কারো সাথে শেয়ার করা যাবে না;
- অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের পাসওয়ার্ড ন্যূনতম ০৮ (আট) ক্যারেক্টারের হতে হবে এবং উক্ত পাসওয়ার্ড বর্ণ (Character), সংখ্যা (Digits) এবং বিশেষ চিহ্নের সমন্বয়ে গঠিত হতে হবে। (যেমন: A থেকে Z, a থেকে z, 0 থেকে 9 অথবা বিশেষ চিহ্ন @, #, $, *) ইত্যাদি;
- সাময়িক বিরতি বা কাজ শেষে অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেম থেকে লগ আউট করতে হবে;
- প্রতি মাসে অন্তত ০১ (এক) বার অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের পাসওয়ার্ড পরিবর্তন করতে হবে।

**খ) Network Security সংক্রান্ত:**

- কাস্টমস স্টেশনসমূহে সংস্থাপিত সকল Network Devices ও Equipment এর নিরাপত্তা বিধানকল্পে কম্পিউটার ইনচার্জ বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক নিয়মিত তা পর্যবেক্ষণ করতে হবে। উল্লিখিত যন্ত্রাদি কোন অবস্থাতেই খোলা ও অরক্ষিত জায়গা, জানালার পাশে, পানি গড়িয়ে পড়ে এমন স্থানে বা মেঝের উপর রাখা যাবে না;
- কাস্টমস স্টেশনসমূহে স্থাপিত সকল Server, Networking Devices, Computer, Network Architecture এবং অন্যান্য সকল হার্ডওয়্যারসমূহের Configuration, Network Address (IP Address), Diagram এবং অন্যান্য যাবতীয় তথ্যের গোপনীয়তা রক্ষা করতে হবে। সংশ্লিষ্ট নয় এমন কারো কাছে কোন অবস্থাতেই এ সংক্রান্ত তথ্যাদি প্রকাশ করা যাবে না;

- অননুমোদিত Wireless Device, Network Switch অথবা ইন্টারনেট সংযোগ ইত্যাদির মাধ্যমে Network Structure এর কোনরূপ পরিবর্তন, পরিবর্ধন করা যাবে না।

গ) **কম্পিউটার রক্ষণাবেক্ষণ সংক্রান্ত:**

- কম্পিউটার অপারেশন সংশ্লিষ্ট স্থানসমূহ পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। কোন অবস্থাতেই Computer, Server ও এতদ্‌সংশ্লিষ্ট কোন Accessories সরাসরি মেঝের উপর রাখা যাবে না;
- কম্পিউটার হার্ডওয়্যার সামগ্রী রক্ষণাবেক্ষণের জন্য সার্ভার, পিসি, প্রিন্টার, কি-বোর্ড, সুইচ ইত্যাদি নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে;
- ইউপিএস এর কার্যক্ষমতা ঠিক রাখা এবং ব্যাটারি নষ্ট হওয়া থেকে রক্ষা করার জন্য বিদ্যুৎ না থাকলে অথবা জেনারেটর চালু করা না গেলে দ্রুত ডাটা Save করে কম্পিউটার Shut down করতে হবে;
- কাস্টমস স্টেশনসমূহে অনভিপ্রেত বৈদ্যুতিক দুর্ঘটনা এড়ানোর জন্য কর্মস্থল ত্যাগের পূর্বেই কম্পিউটারসমূহ যথাযথভাবে Shut down করে সংশ্লিষ্ট ইউপিএসসমূহ পাওয়ার অফ করে বৈদ্যুতিক সংযোগ বন্ধ করে রাখতে হবে। তবে Access Control Device, Data Center ও CCTV Camera সংশ্লিষ্ট কোন সুইচ বন্ধ করা যাবে না;
- কম্পিউটার ভাইরাস এবং ম্যালওয়্যার থেকে নিরাপদ থাকার জন্য কম্পিউটারে আপডেটেড অ্যান্টি ভাইরাস সফটওয়্যার ব্যবহার করতে হবে;
- ব্যক্তিগত বা অননুমোদিত Laptop, TAB, PDA, Mobile Phone, Modem, Pen Drive-সহ কোন ধরনের External Device দাপ্তরিক কম্পিউটার বা নেটওয়ার্ক- এ সংযুক্ত করা যাবে না।

ঘ) **ইমেইল ও ইন্টারনেট সিকিউরিটি সংক্রান্ত:**

- ইন্টারনেট ব্যবহারের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা ও সচেতনতা অবলম্বন করতে হবে। কেবলমাত্র দাপ্তরিক প্রয়োজনে, ই-মেইল আদান প্রদান, কর্মদক্ষতা বৃদ্ধি, উচ্চতর জ্ঞান আহরণ এবং জরুরী প্রয়োজনীয় তথ্য সংগ্রহের কাজে ইন্টারনেট ব্যবহার করা যাবে। কোন অবস্থাতেই অফিসের কাজ সংশ্লিষ্ট নয়, অনুমোদিত নয়, রাষ্ট্রীয় স্বার্থ পরিপন্থী বা অনাকাঙ্ক্ষিত কোন ওয়েবসাইটে প্রবেশ করা যাবে না;
- অশালীন, আপত্তিকর অথবা অনাকাঙ্ক্ষিত কোন ওয়েবসাইটে দাপ্তরিক ইন্টারনেট ব্যবহার করে প্রবেশ করলে সংশ্লিষ্ট ব্যবহারকারীর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- কাস্টমস অটোমেশনের নেটওয়ার্ক সিকিউরিটির স্বার্থে জাতীয় রাজস্ব বোর্ডের অনুমতি ব্যতীত কাস্টমস স্টেশনসমূহে কোন ইন্টারনেট সংযোগ প্রদান করা যাবে না; অননুমোদিত ইন্টারনেট সংযোগ ও ব্যবহারের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী দায়ী হবেন;
- ডাটা এবং তথ্যের নিরাপত্তা নিশ্চিতকরণের স্বার্থে যে সকল স্টেশনে লোকাল এরিয়া নেটওয়ার্ক স্থাপন করা হয়েছে সে সকল স্টেশনে শুল্কায়ন সংক্রান্ত সকল কার্যক্রম LAN (Local Area Network) ব্যবহারের মাধ্যমে সম্পন্ন করতে হবে;
- ইন্টারনেট, ই-মেইল, সামাজিক যোগাযোগ মাধ্যম বা অন্য কোন মাধ্যম ব্যবহার করে দাপ্তরিক গোপনীয়তা ক্ষুণ্ন হয় এমন তথ্য প্রকাশ করা যাবে না;

- দাপ্তরিক নেটওয়ার্ক ও কম্পিউটারের নিরাপত্তার জন্য ক্ষতিকর এমন কোন সফটওয়্যার, প্রোগ্রাম বা এক্সিকিউটেবল ফাইল ইন্সটল, ডাউনলোড বা অনুমোদনহীন কোন হার্ডওয়্যার সংযুক্ত করা এবং বিপজ্জনক বা নিষিদ্ধ ওয়েবসাইট ব্যবহার করা যাবে না;
- ইন্টারনেট, নেটওয়ার্ক, সিস্টেম, সফটওয়্যার ইত্যাদি ব্যবহারকালে নিরাপত্তাজনিত কোন সমস্যা, ভাইরাস, সাইবার হামলা বা সন্দেহজনক কিছু চিহ্নিত বা অনুধাবন করা হলে তা তাৎক্ষণিকভাবে যথাযথ কর্তৃপক্ষ এবং কাস্টমস অটোমেশন ন্যাশনাল টিমকে অবহিত করতে হবে;
- যে সকল ওয়েবসাইট, সার্ভিস বা ডাউনলোড দাপ্তরিক কাজের জন্য ক্ষতিকারক এবং অপ্রয়োজনীয় বিবেচিত হবে তা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক পর্যবেক্ষণপূর্বক বন্ধ বা নিয়ন্ত্রণ করা হবে;
- বাণিজ্যিক, রাজনৈতিক, ধর্মীয় বা অন্য কোন সাংগঠনিক কাজে জাতীয় রাজস্ব বোর্ডের তথ্যপ্রযুক্তির সম্পদ ব্যবহার করা যাবে না।

ঙ) **বিবিধঃ**

- রাষ্ট্রীয় ছুটি, উৎসবকালীন ছুটি, সাপ্তাহিক ছুটির আগে এবং প্রত্যেক কর্মদিবস শেষে যথাযথভাবে কম্পিউটার এবং ইউপিএস বন্ধ করে অফিস ত্যাগ করতে হবে। তবে Access Control Device, Data Center ও CCTV Camera সংশ্লিষ্ট কোন সুইচ বন্ধ করা যাবে না;
- প্রত্যেক কাস্টমস স্টেশনের হার্ডওয়্যার এবং সফটওয়্যার এর স্টক রেজিস্টার, ট্রাবলশ্যুটিং রেজিস্টার চালু এবং পরিপালন করতে হবে;
- মোবাইল ফোন অথবা টেলিফোনিক অনুরোধের প্রেক্ষিতে কাউকেই অ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের ইউজার আইডি, পাসওয়ার্ড বা গোপনীয় কোন তথ্য আদান প্রদান করা যাবে না।

০২। কাস্টমস স্টেশনসমূহের কম্পিউটার ও আইসিটি সিস্টেমসমূহের সার্বিক নিরাপত্তা ও তত্ত্বাবধান অফিস প্রধানগণ নিশ্চিত করবেন। আইসিটি সিস্টেমে ব্যবহারের ক্ষেত্রে স্বচ্ছতা, সঠিকতা, সতর্কতা, জবাবদিহিতা, গোপনীয়তা এবং কার্যকারিতা নিশ্চিত করার লক্ষ্যে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উপর্যুক্ত নির্দেশনা প্রতিপালনে ব্যর্থ হলে বা এ ধরনের কোন কার্যক্রমে জাতীয় রাজস্ব বোর্ডের ভাবমূর্তি ক্ষুণ্ন হলে সংশ্লিষ্ট কর্মকর্তাগণদের এর দায়-দায়িত্ব বহন করতে হবে।

20.11.2022

[রাকিবুল হাসান]
প্রথম সচিব
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
ফোন- ০২-৪৮৩১৮১২০-৬/এক্স- ৪১১
ই-মেইল- ss.asycuda@gmail.com

**কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১-০৬। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, ঢাকা/ চট্টগ্রাম/ আইসিডি, কমলাপুর/ বেনাপোল/ পানগাঁও/ মোংলা;

০৭-০৯। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/ চট্টগ্রাম/ ঢাকা (উত্তর);

১০-১৭। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট [ঢাকা (পশ্চিম)/ ঢাকা (উত্তর)/ সিলেট/ কুমিল্লা/ রাজশাহী/ রংপুর/ যশোর/ খুলনা/ চট্টগ্রাম];

১৮। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা;

১৯। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, মগবাজার, ঢাকা;

২০। মহাপরিচালক, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা;

২১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা;

২২। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);

২৩। পিএ টু সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা;

২৪। অফিস কপি।